দৈনিক ইনকিলাব

তারিখ FEB. 4 1999
পৃষ্ঠা ৭ কলাম ৬

83

# আজিমপুর গার্লস হাই স্কুল ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যানের আচরণে শিক্ষক ও ছাত্রীরা ক্ষুব্ধ

**স্টাফ রিপোর্টার ঃ** রাজধানীর ঐতিহ্যবাহী আজিমপুর গার্লস হাই স্কুলের ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যানের সাম্প্রতিক আচরণে ক্ষুব্ধ শিক্ষক-শিক্ষিকা, ছাত্রীরা গতকাল (বুধবার) তাদের ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটিয়েছে। শিক্ষক-শিক্ষিকারা নেপথ্যে থাকলেও ছাত্রীরা নেমে আসে পথে। তারা চেয়ারম্যানের বিরুদ্ধে বিভিন্ন ধরনের শ্লোগান দেয় এবং তাকে অপসারণের জন্য সরকারের প্রতি দাবী জানায়।

ওই স্কুলের ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান হচ্ছেন শাসক দলের একজন সংসদ সদস্য। তার বিরুদ্ধে অভিযোগ, তিনি স্কুলের শিক্ষক-শিক্ষিকা, ছাত্রীদের সাথে অসৌজন্যমূলক আচরণ করেন।

তিনি তার ক্ষমতার অপব্যবহার ও নিজস্ব সিদ্ধান্ত চাপিয়ে দেয়ার চেষ্টা করেন। দলীয় কর্মীদের শিক্ষক-শিক্ষিকা হিসাবে নিয়োগ করেন। গতকালের একটি ঘটনায় স্কুলের ছাত্রীরা ক্ষুব্ধ হয়।

গতকাল (বুধবার) ছিল স্কুলের ছাত্রীদের বেতন গ্রহণের দিন। প্রত্যক্ষদর্শীদের মতে, শিক্ষক-শিক্ষিকারা ক্লাশের সময় শ্রেণীকক্ষে বেতন নেয়ার মুহূর্তে ওই এমপি সাহেব

১৫-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## আজিমপুর গার্লস হাই স্কুল

প্রথম পৃষ্ঠার পর

গতকাল সকাল ১০টার পর স্কুলে আসেন তার লোকজন নিয়ে। তিনি ক্লাস বাদ দিয়ে ছাত্রীদের বেতন নেয়ার জন্য শিক্ষক-শিক্ষিকাদের তিরস্কার করেন। একই সময় একটি মেয়ে স্কুল ফাঁকি দিয়ে বাইরে যাওয়াতেও তিনি তার ক্রোধ প্রকাশ করেন। এরই মধ্যে ওই স্কুলের প্রস্তাবিত কলেজ শাখার প্রিন্সিপালের বসার লক্ষ্যে প্রধান শিক্ষকের কক্ষে, চেয়ার-টেবিল ঢুকিয়ে আলমারী দিয়ে পার্টিশন দেয়ার ব্যবস্থা করা হয়। অভিযোগে জানা যায়, শিক্ষক-শিক্ষিকারা এ ব্যাপারে ক্ষুব্ধ হয়। বিষয়টি ছাত্রীরা অবহিত হলে তারা তাদের ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটায়। শিক্ষক-শিক্ষিকারা ছাত্রীদের ধৈর্য ধরার পরামর্শ দেন। কিন্তু ছাত্রীরা শেষ পর্যন্ত নির্ধারিত সময় পর্যন্ত অপেক্ষা না করেই প্রধান শিক্ষকের কক্ষে প্রিন্সিপালের জন্য স্থাপিত টেবিল বাইরে ফেলে দেয়। আজ বৃহস্পতিবার ছাত্রীরা প্রতিবাদ মিছিল বের করবে বলে জানা গেছে।

উল্লেখ্য, রাজধানীর কয়েকটি ঐতিহ্যবাহী স্কুল ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান হিসেবে শাসক দলের সংসদ সদস্যরা নিয়োজিত থেকে স্কুলগুলোর ভাবমূর্তি ক্ষুণ্ণ করছেন বলেও অভিযোগ করা হয়েছে।